# বাংলাদেশ জাতীয় আরকাইভস
# Bangladesh National Archives

## গাইড বই ২০০১
## Guide Book 2001




Published according to Act of Parliament by J Rennell 1st march 1780

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

**Directorate of Archives and Libraries**
**Ministry of Cultural Affairs**
**Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka.**

# বাংলাদেশ জাতীয় আরকাইভস
# Bangladesh National Archives
## গাইড বই ২০০১
## Guide Book 2001

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

**Directorate of Archives and Libraries**
**Ministry of Cultural Affairs**
Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka.

# বাংলাদেশ জাতীয় আরকাইভস

আরকাইভস একটি দেশের ঐতিহাসিক গুণসম্পন্ন সকল সরকারি, বেসরকারি এবং ব্যক্তিগত দলিল ও নথিপত্র, পাণ্ডুলিপি ও পুস্তকের সংরক্ষণাগার। বহু প্রাচীনকাল থেকেই বিভিন্ন দেশে আরকাইভস প্রতিষ্ঠানটির প্রচলন ছিল। তবে আধুনিক আরকাইভসের জন্ম হয় অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে ফরাসি বিপ্লবের সময়। ১৭৮৯ সালে ফ্রান্সে জাতীয় আরকাইভস প্রতিষ্ঠিত হয় এবং ১৭৯৬ সালে প্রাদেশিক আরকাইভসও প্রতিষ্ঠা করা হয়। আইন ও বিধিসঙ্গতভাবে ফ্রান্সে আরকাইভস প্রতিষ্ঠানের যে ঐতিহ্য সৃষ্টি হয় তাই পরবর্তীতে সারা বিশ্ব গ্রহণ করে।

বাংলাদেশ জাতীয় আরকাইভস এই ঐতিহ্যেরই ধারাবাহিকতায় দেশের সকল ঐতিহাসিক গুণসম্পন্ন সরকারি ও বেসরকারি দলিলপত্র, পুস্তক, পাণ্ডুলিপি, ম্যাপ ইত্যাদির সংগ্রহশালা। এক কথায় এটি আমাদের দেশের ইতিহাস ও ঐতিহ্যের সংরক্ষণাগার; গোটা জাতির স্মৃতি বিজড়িত তথ্যের ভান্ডার।

ভারতীয় উপমহাদেশে জাতীয় আরকাইভসের ইতিহাস অতি প্রাচীন। আধুনিককালে ব্রিটিশ শাসন প্রবর্তনের অব্যবহিত পরেই সচিবালয় প্রতিষ্ঠা লাভ করে। এর ফলে নতুন নতুন বিভাগ ও দপ্তর প্রতিষ্ঠিত হয় এবং সঙ্গে সঙ্গে ঐতিহাসিক ও প্রশাসনিক গুরুত্বপূর্ণ নথিপত্র সংরক্ষণের প্রয়োজন দেখা দেয়। এরই পরিপ্রেক্ষিতে ১৮৯১ সালে কলকাতায় "ইম্পেরিয়াল রেকর্ড ডিপার্টমেন্ট" প্রতিষ্ঠা লাভ করে এবং এই ডিপার্টমেন্টই পরবর্তীকালে "ন্যাশনাল আরকাইভস অব ইন্ডিয়া" নামে দিল্লীতে স্থানান্তরিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর "ডাইরেক্টরেট অব আরকাইভস এন্ড লাইব্রেরিজ" -এর অধীনে ১৯৫১ সালে করাচিতে "ন্যাশনাল আরকাইভস অব পাকিস্তান" প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা লাভের পর ১৯৭৩ সালে ঢাকায় "আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর"-এর অধীনে প্রতিষ্ঠা লাভ করে *বাংলাদেশ জাতীয় আরকাইভস।*

## অধ্যাদেশ

দেশের ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ করার উদ্দেশ্যে এবং সরকারের গুরুত্বপূর্ণ ও স্থায়ী দলিল-দস্তাবেজ সংগ্রহ, সংরক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৮৩ সালে জাতীয় আরকাইভস অধ্যাদেশ জারি করে।

## জাতীয় আরকাইভসের উদ্দেশ্য

- জাতীয় আরকাইভসে সংরক্ষিত সকল নথিপত্রের নিরাপত্তা বিধান এবং রেফারেন্স ও গবেষণা কাজে সুযোগ প্রদান করা;
- সরকারের সকল নথিপত্রের আইনগত সংরক্ষক হিসাবে কাজ করা;
- বেসরকারি প্রতিষ্ঠান থেকে ঐতিহাসিক গুণসম্পন্ন দলিলপত্র সংগ্রহ করা;
- সরকারি, বেসরকারি সংস্থা ও জনসাধারণকে তথ্য সরবরাহ করা;
- সকল সরকারি সংস্থাগুলির আর্থিক স্বচ্ছলতা ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি করার জন্য আধুনিক ও যথাযথ নথি ব্যবস্থাপনার ব্যবস্থা করা।

## জাতীয় আরকাইভসের কার্যাবলী

- সরকারি এবং ব্যক্তিগত নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণ করা;
- প্রশাসক, গবেষক এবং জনসাধারণকে গবেষণার কাজে সহায়তা প্রদান করা;
- রেকর্ডস এবং আরকাইভস ব্যবস্থাপনা বিষয়ে সরকারি অফিসগুলিকে উপদেশ প্রদান করা;
- নথিপত্র, গ্রন্থ এবং অন্যান্য বিষয় সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে টেকনিক্যাল ও বিজ্ঞানভিত্তিক উপদেশ প্রদান করা;
- লেখক ও গবেষকদের উৎসাহ দেয়ার জন্য পুরস্কার প্রদানসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ এবং নথিপত্রের প্রদর্শনীর ব্যবস্থা করা;
- সরকারি সংস্থার নথিপত্র ইনস্‌পেকশন করা এবং পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে নথির মূল্যায়ন করা;
- জাতির সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষক হিসাবে কাজ করা;
- বাংলাদেশ সংক্রান্ত সকল দলিলপত্রের মূল বা যে কোন ধরনের কপি বিদেশী আরকাইভস বা অন্য কোন প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা;
- বিদেশী সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা।

## সংরক্ষিত নথিপত্র

বাংলাদেশ জাতীয় আরকাইভসে বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য সংক্রান্ত বিভিন্ন ধরনের দুষ্প্রাপ্য দলিলপত্র সংরক্ষিত আছে। এছাড়া প্রতিনিয়ত এ জাতীয় দলিলপত্রের সন্ধান ও সংগ্রহ কাজ চলছে। গুরুত্বপূর্ণ দলিলপত্রের মধ্য থেকে কয়েকটির পরিচিতিমূলক সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হ'ল—

## জেলা রেকর্ডস

বাংলাদেশ জাতীয় আরকাইভসে অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ থেকে উনবিংশ শতাব্দীর প্রায় শেষভাগ পর্যন্ত কয়েক হাজার জেলা রেকর্ড সংরক্ষিত আছে। এই জেলা রেকর্ডগুলিতে সরকার ও জেলা প্রশাসনের মধ্যে যে সব চিঠিপত্র আদান-প্রদান করা হয়েছে সেগুলি অন্তর্ভুক্ত আছে। প্রাথমিকভাবে ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রশাসনের এবং বিশেষ করে কালেক্টরেট প্রতিষ্ঠার পর স্থানীয় প্রশাসনের প্রাত্যহিক কর্মকান্ডের বিবরণ জেলা রেকর্ডগুলিতে রয়েছে। এরই ধারাবাহিকতায় জেলা কালেক্টর ও তার অধীনস্থ সরকারি কর্মকর্তা-কর্মচারী, জেলা প্রশাসনের সাথে সংশ্লিষ্ট স্থানীয় লোকজনের প্রাপ্ত ও প্রেরিত চিঠিপত্র, স্মারকলিপি, প্রতিবেদন, দরখাস্ত, দাপ্তরিক দলিলপত্র এবং স্থানীয় পরিস্থিতির উপর ভিত্তি করে সৃষ্টি হয়েছে এসব জেলা রেকর্ড। রেকর্ডগুলি মূলত প্রাচীন হস্তলিপিতে লিখিত, তবে এগুলির মধ্যে কিছু কিছু মুদ্রিত আকারেও দেখা যায়।

জেলা রেকর্ডগুলির সংক্ষিপ্ত তথ্য

| জেলার নাম | সময়কাল | সংখ্যা |
|---|---|---|
| চট্টগ্রাম | ১৭৬০-১৯০০ | ৫৩৮ |
| রংপুর | ১৭৭৭-১৮৭৯ | ৫১৩ |
| কুমিল্লা | ১৭৮২-১৮৬৮ | ৪৬৫ |
| ঢাকা | ১৭৮৩-১৮৫৯ | ১৮৯ |
| দিনাজপুর | ১৭৮৬-১৯১৫ | ১১১৬ |
| রাজশাহী | ১৭৮২-১৮৭৮ | ১৯২ |
| ময়মনসিংহ | ১৭৮৭-১৮৬৯ | ৩৭ |
| বরিশাল | ১৭৯০-১৮৮৭ | ৩৭১ |
| ফরিদপুর | ১৭৯৯-১৮৬৮ | ৯৩ |
| সিলেট | ১৭৭৭-১৮৭৮ | ৪২৩ |
| পাবনা | ১৮২০-১৮৮৬ | ২৬৭ |
| নোয়াখালী | ১৮৪০-১৮৭৯ | ৯১ |
| যশোর | ১৭৮৬-১৮৬৮ | ৫০৬ |
| বগুড়া | ১৭৮৩-১৮৯৩ | ৩৮ |
| | | মোট ঃ ৪৮৩৯ |

বাংলা সরকারের প্রসিডিংস ও ফাইলপত্র

বাংলাদেশ জাতীয় আরকাইভস বাংলাদেশ সচিবালয় রেকর্ডরুম থেকে পূর্ববাংলা সরকারের ১৮৫৯-১৯৬৪ সময়কালের বিপুল পরিমাণ প্রসিডিংস ও ফাইলপত্র সংগ্রহ করেছে। এ সকল নথিপত্রের মূল উৎস হচ্ছে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্যিক লেনদেন এবং পরবর্তীকালের কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের প্রশাসনিক তৎপরতা। প্রধানতঃ "সেক্রেটারি অব কাউন্সিল" কর্তৃক অনুমোদিত পত্র, আদেশ ও কার্যক্রমের বিস্তারিত বিবরণ এ সকল নথিপত্র থেকে পাওয়া যায়।

ঢাকা বিভাগীয় কমিশনার নথিপত্র

ঢাকা বিভাগীয় কমিশনার অফিস থেকে বাংলাদেশ জাতীয় আরকাইভস ঐতিহাসিক গুণসম্পন্ন বিপুল পরিমাণ নথিপত্র সংগ্রহ করেছে। সংগৃহীত নথিপত্রগুলো ১৮৯৮-১৯৭১ সময়কালের এবং এগুলি রাজস্ব, বিচার, কোর্ট অব ওয়ার্ডস, প্রশাসনিক, হিসাব, উন্নয়ন ইত্যাদি বিষয়ভুক্ত। এ ছাড়াও সাম্প্রতিক সময়ে প্রায় তিন হাজার দুষ্প্রাপ্য সরকারি প্রকাশনাও ঢাকা বিভাগীয় কমিশনার অফিস থেকে সংগ্রহ করা হয়েছে।

কালেক্টরেট রেকর্ডস

বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের বিভিন্ন জেলা কালেক্টরেট রেকর্ডরুম থেকে বিপুল পরিমাণ জেলা কালেক্টরেট রেকর্ডস সংগ্রহ করেছে। এগুলি হল ঢাকা কালেক্টরেট রেকর্ডস ১৮৮৯-১৯৬০; যশোর কালেক্টরেট রেকর্ডস ১৭৮৬-১৮৬৮; ময়মনসিংহ কালেক্টরেট রেকর্ডস ১৮৮০-১৯৬৩; ফরিদপুর কালেক্টরেট রেকর্ডস ১৮৮০-১৯৪৭ এবং বগুড়া কালেক্টরেট রেকর্ডস ১৮৪৬-১৮৭৬।

## সিলেট প্রসিডিংস ও ফাইলপত্র

উনবিংশ শতাব্দীর ১৮৭৪ সাল থেকে বিংশ শতাব্দীর ১৯৪৭ সাল পর্যন্ত দীর্ঘ সময়ে সিলেট জেলা আসাম প্রদেশের সাথে সংযুক্ত ছিল এবং এই জেলার সকল কর্মকান্ড আসাম সরকারের নির্দেশনায় পরিচালিত হত। ফলে সিলেট সংক্রান্ত সকল সরকারি ও বেসরকারি দলিলপত্র আসাম সেক্রেটারিয়েট রেকর্ডরুমে সংরক্ষিত হত। ১৯৪৭-এ দেশ বিভাগের পর এই সকল রেকর্ডের কিছু অংশ পূর্ববঙ্গ সরকারের কাছে হস্তান্তর করা হয়। বর্তমানে বাংলাদেশ জাতীয় আরকাইভস-এ এসকল রেকর্ড সংরক্ষিত আছে। এই রেকর্ডগুলি সাধারণতঃ সিলেট প্রসিডিংস নামেই পরিচিত এবং এগুলির ব্যাপ্তিও ১৮৭৪—১৯৪৭ সাল পর্যন্ত। এই রেকর্ডগুলি ঔপনিবেশিককালের সিলেটের মানুষের জীবনযাত্রা ও আর্থ-সামাজিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক বিষয়ের মূল্যবান তথ্য ভান্ডার।

## পুরাতন ম্যাপ (১৮৫৪-১৯৬৭)

ঢাকা বিভাগীয় কমিশনার অফিস এবং বিভিন্ন জেলা কালেক্টরেট রেকর্ডরুম থেকে উনিশ ও বিশ শতকের বিভিন্ন সময়ের বাংলা প্রদেশ তথা বিভিন্ন বিভাগ, জেলা ও থানাওয়ারী প্রচুর পরিমাণ ম্যাপ জাতীয় আরকাইভস সংগ্রহ করেছে। সংগৃহীত ম্যাপের একটি তালিকা নিম্নে দেয়া হল ঃ

-ঢাকা জেলার বিভিন্ন থানা ম্যাপ,

-বিভিন্ন জেলা ম্যাপ,

-বিভিন্ন জেলার পরগনা ম্যাপ,

-বিভিন্ন জেলার 'চর' এলাকার ম্যাপ,

-গুরুত্বপূর্ণ নদীর ম্যাপ,

-আসাম ও বাংলা প্রদেশ ম্যাপ,

-১৯২৩ সালের আসাম ও বাংলা প্রদেশের আঞ্চলিক ম্যাপ,

-উনবিংশ শতাব্দীর বাংলার ম্যাপ,

-১৯৫০ সালের পাকিস্তানের জরিপ ম্যাপ,

-তৎকালীন পূর্ব ও পশ্চিম পাকিস্তানের রাজনৈতিক ম্যাপ,

-ভারতের নদ-নদী ও রেলপথের ম্যাপ ১৯৫০,

-রেলওয়ে ম্যাপ ও

-ঢাকা মিউনিসিপ্যালিটি ম্যাপ ইত্যাদি।

## সরকারি প্রকাশনা (১৮০০—১৯৭২)

বাংলাদেশ জাতীয় আরকাইভস ১৮০০—১৯৭২ সময়কালের বিপুল পরিমাণের সরকারি প্রকাশনা যেমন দুষ্প্রাপ্য প্রশাসনিক রিপোর্ট, অধ্যাদেশ, পার্লামেন্টারি দলিলপত্র ইত্যাদি সংগ্রহ করেছে।

## সরকারি গেজেট

বাংলাদেশ জাতীয় আরকাইভস ১৮৮৩—১৯৯০ সময়কালের কলকাতা, পাকিস্তান ও ঢাকা গেজেট সংগ্রহ করেছে। ১৯৭৩ সালের পর থেকে বাংলাদেশ প্রিন্টিং ও স্টেশনারি নিয়ন্ত্রকের অফিস হতে নিয়মিত বাংলাদেশ গেজেট সংগ্রহ করা হচ্ছে।

### এস্টেট রেকর্ডস

জাতীয় আরকাইভসের অপর একটি মূল্যবান সংগ্রহ হল এস্টেট রেকর্ডস বা জমিদারি কাগজপত্র। এযাবৎ পূর্ববাংলার অন্যতম নেতৃস্থানীয় দু'টি জমিদার পরিবারের জমিদারি ও জমিদারি ব্যবস্থাপনা সংক্রান্ত নথিপত্র সংগ্রহ করা হয়েছে। এগুলি হচ্ছে (১) ভাওয়াল রাজ এস্টেট রেকর্ডস (১৮৮৪-১৯৪৬) ও (২) ঢাকা নওয়াব এস্টেট রেকর্ডস (১৮২০-১৯৪৭)। জমিদারি কাগজপত্র সংগ্রহের প্রক্রিয়াটি সচল রয়েছে।

### পূর্ব পাকিস্তান এবং বাংলাদেশ রেকর্ডস

সেক্রেটারিয়েট রেকর্ডরুম থেকে ১৯৬২-৭৫ পর্যন্ত সময়ের পূর্ব পাকিস্তান ও বাংলাদেশ সরকারের সামান্য পরিমাণ দলিলপত্র এপর্যন্ত সংগ্রহ করা হয়েছে। এগুলির মধ্যে উল্লেখযোগ্য বিষয়ের নথিপত্র হল—(১) সংস্থাপন, (২) অর্থ, (৩) কেবিনেট সেক্রেটারিয়েট, (৪) রাজনৈতিক ও (৫) ভূমি অধিগ্রহণ সম্পর্কিত।

### বাংলাদেশ কর আপিল বিভাগের নথিপত্র

বাংলাদেশ জাতীয় আরকাইভস সম্প্রতি কর আপিল বিভাগ থেকে প্রায় চার হাজার নথিপত্র সংগ্রহ করেছে।

### সংবাদপত্রসমূহ

বাংলাদেশ জাতীয় আরকাইভস ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট এবং অন্যান্য উৎস থেকে ১৮৭৮-১৯৯৮ সময়কালের বেশ কিছু গুরুত্বপূর্ণ সংবাদপত্র ও সাময়িকী সংগ্রহ করেছে। অতি সম্প্রতি অধুনালুপ্ত দৈনিক বাংলা অফিস থেকে *দৈনিক বাংলা* পত্রিকাসহ অন্যান্য বিভিন্ন পত্র-পত্রিকার এক বিপুল সংখ্যক পত্রিকা ও সাময়িকী সংগ্রহ করা হয়েছে। আরকাইভস-এ সংরক্ষিত সংবাদপত্রসমূহের তালিকা ও সময়কাল নিম্নরূপ—

বাংলা পত্রিকা

১। দৈনিক আজাদ ১৯৪৭-১৯৮৭
২। দৈনিক আজকের কাগজ ১৯৯২-১৯৯৫
৩। দৈনিক আল আমিন ১৯৯৪-১৯৯৫
৪। দৈনিক ইত্তেফাক ১৯৬৩-১৯৯৭
৫। দৈনিক ইনকিলাব ১৯৮৬-১৯৯৭
৬। দৈনিক কিষাণ ১৯৮২
৭। দৈনিক খবর ১৯৮৬-১৯৯০
৮। দৈনিক গণকণ্ঠ ১৯৭২-১৯৮২
৯। দৈনিক জনকণ্ঠ ১৯৯৪-১৯৯৭
১০। দৈনিক জনতা ১৯৮৪-১৯৯৮
১১। দৈনিক জনপদ ১৯৭৩-৭৫, ১৯৮৪-৭৯
১২। দৈনিক দিনকাল ১৯৯৪-১৯৯৭
১৩। দৈনিক দেশ ১৯৭৯-১৯৯৮
১৪। দৈনিক পূর্বদেশ ১৯৬৯-৭২, ১৯৭৪-৭৫
১৫। দৈনিক পাকিস্তান ১৯৬৪-১৯৭১

১৬। দৈনিক বাংলা ১৯৭২-১৯৯৭
১৭। দৈনিক বাংলা বাজার ১৯৯৪-১৯৯৫
১৮। দৈনিক বাংলার বাণী জুলাই ১৯৭২, আগস্ট ১৯৭৫, ১৯৯২-১৯৯৭
১৯। দৈনিক ভোরের কাগজ ১৯৯২-১৯৯৭
২০। দৈনিক যুগান্তর ১৯৭২-১৯৭৫
২১। দৈনিক সংগ্রাম ১৯৭০-১৯৯৭
২২। দৈনিক সংবাদ ১৯৬৯-১৯৯৭

ইংরেজি পত্রিকা

২৩। দি পাকিস্তান অবজারভার ১৯৬১-৬৬, ১৯৬৮-৭১
২৪। দি বাংলাদেশ অবজারভার ১৯৭২-১৯৯৭
২৫। দি বাংলাদেশ টাইমস ১৯৭৪-১৯৯৭
২৬। দি ডেইলি নিউজ ১৯৮৪-১৯৮৮
২৭। দি ডেইলি স্টার ১৯৯১-১৯৯৭
২৮। দি ফিনান্সিয়াল এক্সপ্রেস ১৯৯৪-১৯৯৭
২৯। দি ইনডিপেন্‌ডেন্ট ১৯৯৫-১৯৯৭
৩০। দি মর্নিং নিউজ ১৯৬২-১৯৭৪
৩১। দি মর্নিং পোস্ট ১৯৭৮-১৯৭৯
৩২। দি নিউ নেশন ১৯৮১-১৯৯৭

বিদেশী পত্রিকা

৩৩। দি ডন ১৯৪৬-১৯৭১
৩৪। দি স্টেটসম্যান ১৯৪৬-১৯৬৭
৩৫। দি ইংলিশম্যান ১৮৭৮-১৯৩৩
৩৬। আনন্দ বাজার ১৯৭২-১৯৭৪
৩৭। হিন্দুস্থান স্টান্ডার্ড ১৯৭২-১৯৭৪
৩৮। অমৃত বাজার পত্রিকা ১৯৭২-১৯৭৪
৩৯। এশিয়া উইক ১৯৭৭-১৯৮৮
৪০। ফার ইস্টার্ন ইকোনোমিক রিভিউ ১৯৭৬-১৯৮৮ এবং
৪১। দি ইকোনোমিস্ট ১৯৭৬-১৯৮৮।

প্রেস ক্লিপিংস

বাংলাদেশ জাতীয় আরকাইভস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেস ইনফরমেশন বিভাগ থেকে গুরুত্বপূর্ণ বিভিন্ন সংবাদপত্রের প্রেস ক্লিপিংস সংগ্রহ করেছে। এই সংগ্রহের মধ্যে রয়েছে ১৯৬২-১৯৯৭ সাল পর্যন্ত জাতীয় দৈনিকগুলিতে প্রকাশিত প্রধান প্রধান ঘটনাবলী।

মাইক্রোফিল্ম

ইউনেস্কোর আর্থিক সহযোগিতায় লন্ডনস্থ "ইন্ডিয়া অফিস লাইব্রেরি" থেকে বাংলাদেশ জাতীয় আরকাইভস ১৮৭৪-১৯১৬ সময়কালের বাংলা সংবাদপত্রের কিছু অংশের ৫৭টি মাইক্রোফিল্ম রোল সংগ্রহ করেছে। এ ব্যাপারে আই.সি.এ. সহযোগিতা করেছে। এছাড়া জাতীয় আরকাইভস পর্তুগালের লিবসন থেকে একটি বাংলা Manuscript-এর মাইক্রোফিল্ম সংগ্রহ করেছে।

## ব্যক্তিগত নথিপত্র সংগ্রহ

বাংলাদেশ জাতীয় আরকাইভস অবিভক্ত বাংলার মন্ত্রী, মুসলমান নেতা মরহুম খান বাহাদুর নওয়াব নওয়াব আলী চৌধুরীর কিছু ব্যক্তিগত নথিপত্র সংগ্রহ করেছে।

## আরকাইভস গ্রন্থাগার

বাংলাদেশ জাতীয় আরকাইভসের সাথে সংযুক্ত দুষ্প্রাপ্য পুস্তকের একটি গ্রন্থাগার রয়েছে। এখানে প্রায় পাঁচ হাজার পুস্তক রয়েছে। রেফারেন্স গ্রন্থের সংগ্রহশালাটি শুধু গবেষকগণই ব্যবহার করতে পারেন।

## রেডিও মনিটরিং রিপোর্ট

বাংলাদেশ বেতার পরিবেশিত দৈনিক রেডিও মনিটরিং রিপোর্ট ১৯৮৭ সাল থেকে জাতীয় আরকাইভস সংগ্রহ ও সংরক্ষণ করে আসছে।

## মেডিক্যাল রেকর্ডস

অতি সম্প্রতি ঢাকাস্থ ইব্রাহিম মেমোরিয়াল ডায়াবেটিস সেন্টার (বারডেম) থেকে জাতীয় আরকাইভস বেশ কিছু মেডিক্যাল রেকর্ডস সংগ্রহ করেছে।

## প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানের দলিল-দস্তাবেজ

বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের কয়েকটি প্রাচীনতম শিক্ষা প্রতিষ্ঠানের দলিল-দস্তাবেজ সংগ্রহ করেছে। এসবের মধ্যে রয়েছে বরিশাল জেলা স্কুল, ঢাকার পোগজ হাই স্কুল, সেন্ট গ্রেগরী হাই স্কুল, রাজশাহী নবাবগঞ্জের হরিমোহন ইনস্টিটিউট, যশোরের সাতিয়ান তলা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও গঙ্গারাম প্রসন্ন কুমার উচ্চ বিদ্যালয়।

## আন্তর্জাতিক সহযোগিতা

বাংলাদেশ জাতীয় আরকাইভস ইউনেস্কোর অনুসঙ্গ প্রতিষ্ঠান *ইন্টারন্যাশনাল কাউন্সিল অব আরকাইভস* এর অন্যতম সদস্য। এতদ্ব্যতীত বাংলাদেশ জাতীয় আরকাইভস আই.সি.এ.-এর দক্ষিণ ও পশ্চিম এশিয়ার আঞ্চলিক শাখা South and West Asia Regional Branch of the International Council on Archives (SWARBICA)-এর সদস্য।

## আরকাইভসের প্রধান বিভাগসমূহ

বাংলাদেশ জাতীয় আরকাইভসের প্রধান বিভাগগুলি হল—

-আরকাইভস প্রশাসন,

-নথি ব্যবস্থাপনা,

-সংরক্ষণ এবং কনজারভেশন,

-মাইক্রোফিল্মিং/রিপ্রোগ্রাফি,

-সংরক্ষণাগার,

-জনসংযোগ,

-প্রদর্শনী ও

-প্রশাসন।

## রেকর্ডস-এর ব্যবহার

গবেষণা কক্ষে গবেষকদের সুবিধার জন্য সকল ধরনের নথির তালিকা, ক্যাটালগ ও ইনডেক্স ব্যবহারের ব্যবস্থা রয়েছে। বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশী ও বিদেশী সকল গবেষককেই রেফারেন্স সার্ভিস দিয়ে থাকে।

## রেকর্ডস-এর প্রবেশাধিকার

জাতীয় আরকাইভস-এ সংরক্ষিত নথিপত্র গবেষক ও জনগণের গবেষণা কাজের জন্য উন্মুক্ত। তবে অত্যন্ত গোপনীয় বা জাতীয় নিরাপত্তার সাথে জড়িত নথিপত্রের ব্যবহার নথি সৃষ্টিকারী সংস্থার অনুমতি ছাড়া গবেষকদেরকে দেয়া হয় না। জাতীয় আরকাইভস-এর নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ ও কর্তৃপক্ষের অনুমতি লাভের পর যে কোন গবেষক তার গবেষণার কাজ করতে পারেন।

## খোলার সময়

প্রতিটি কর্ম দিবসে সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা এবং বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত আরকাইভস অধিদপ্তর খোলা থাকে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে এ প্রতিষ্ঠান বন্ধ থাকে।

## যোগাযোগের ঠিকানা

পরিচালক,
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
বাংলাদেশ।
টেলিফোন ঃ ৯১১৮৭০৪, ৯১২৯৯৯২, ৩২৮২২৫, ৯১১২৭৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯১১৮৭০৪

## BANGLADESH NATIONAL ARCHIVES

The word "archives" which is of Greek origin has been defined in the Oxford English Dictionary as (1) a place in which public records or other important historical documents are kept and (2) a historical record or document so preserved.

**Defination of Modern Archives**.

The American Archivist T.R. Schellenberg defined archives as "Those records of any public or private institution which are adjudged worthy of permanent preservation for reference and research purpose and which have been deposited or have been selected for deposit in an archival institution." ( *Modern Archives*, University of Chicago Press, Chicago, 1956).

Archives are documents made or received and accumulated by a person or organisation in the course of the conduct of affairs and preserved because of their continuing value.
Historically, the term has often referred to more narrowly to non-current records deposited or selected for deposit in an archival institution. Archives are also part of our cultural heritage.

## HISTORICAL BACKGROUND OF BANGLADESH NATIONAL ARCHIVES.

1. **Introduction:** The History of National Archives in the Indo-Bangladesh Sub-continent is an old one. After the establishment of British Rule in the Sub-continent the Secretariat administration with all its paraphernalia began to develop. New ministries started functioning resulting in the opening of new departments and offices. With the increase of Secretariat files and records it was keenly felt to sort them out by transferring the important ones to a central repository and destroying the useless one. Hence the Imperial Record Department was established in Calcutta in 1891 which was later on transferred to Delhi to be named as National Archives of India.

1.1 After the partition of India in 1947 the National Archives of Pakistan was established in Karachi in 1951 under the Directorate of Archives and Libraries. After the Liberation of Bangladesh from the Pakistani domination in 1971 the Government of the People's Republic of Bangladesh established National Archives of Bangladesh in 1973 in Dhaka under the Directorate of Archives & Libraries.

## ORDINANCE

The Government has promulgated a National Archives Ordinance in 1983 in order to provide for the establishment of National Archives and for the collection, preservation, maintenance and administration of permanent records and archives of the Government.

## OBJECTIVES

The main objectives of the National Archives are:—

- to ensure official custody and physical safety of the archives of all public offices and to make them available for reference and research;
- to serve as the legal depository of all the records of the Government ;
- to increase knowledge by providing information to the government agencies and to the public ;
- to strive for efficiency and economy in the administrative machinery through systematic and proper management of modern records of the government agencies.

## FUNCTIONS

The principal functions of the National Archives are:—

- to acquire and preserve government and private collections ;
- to provide research facilities for the administrators and researchers and the public ;
- to provide technical and scientific advice on conservation and restoration of records , books and other documentary materials ;
- to give advice to public offices on records and archives management ;
- to promote writers, researchers by awarding prizes and organising exhibitions of records etc.
- to inspect , examine and appraise the records of government agencies and determine the records to be retained or destroyed;
- to serve as the national repository for archival materials and to act as the custodian for the preservation and conservation of the nation's documentary cultural heritage ;
- to co-ordinate and maintain linkage with similar foreign organizations.

# THE HOLDINGS

## DISTRICT RECORDS

Several thousands of district records dating from 1760s are available at the National Archives of Bangladesh. The district records are the correspondences from and to the district. The district records assumed the character of local diary with the development of the East India Company's administration in general and the establishment of the Collectorship in particular. They consisted of letters both received and sent, memoranda, reports, petitions and official documents prepared by the District Collector, his subordinate officials and documents prepared by the District collector, his sub ordinate officials and the local people on various aspects of district administration and local condition. The District Records are mainly in manuscript with the exception of some circular letters which are in print.

Particulars of District records available in the National Archives of Bangladesh are as follows:—

| Name of District | Period | Total volume |
|---|---|---|
| Chittagong | 1760—1900 | 538 |
| Rangpur | 1777—1878 | 513 |
| Comilla | 1782—1868 | 465 |
| Dhaka | 1783—1859 | 189 |
| Dinajpur | 1786—1900 | 1116 |
| Rajshahi | 1782—1878 | 192 |
| Mymensingh | 1787—1869 | 37 |
| Barisal | 1790—1887 | 371 |
| Faridpur | 1799—1868 | 93 |
| Sylhet | 1777—1878 | 423 |
| Pabna | 1820—1886 | 267 |
| Noakhali | 1840—1879 | 91 |
| Jessore | 1786—1868 | 506 |
| Bogra | 1783—1893 | 38 |
| | | Total : 4839 |

## GOVERNMENT OF BENGAL PROCEEDINGS / FILES.

The National Archives of Bangladesh has collected a considerable number of proceedings volumes from the Bangladesh Secretariat Record Room dating from1859 to 1964. The proceedings volumes records originated during the time of the East India Company in course of their business transaction and later on for administrative activities created by the central government. The proceedings volumes mainly contain letters, orders, resolutions, rules, reports etc. of the government.

## DHAKA DIVISIONAL COMMISSIONER'S RECORDS

The National Archives has also a good number of valuable historical records which have been collected from the Dhaka Divisional Commissioner's Office. These records cover the period from 1898—1971 and have been classified as: Revenue ; Judicial ; Court of Wards; General Administration; Accounts; Development; General etc. Recently a large number of Official Publications has also been collected from the Dhaka Divisional Cmmissioner's Office.

## COLLECTORATE RECORDS

The National Archives has also collected various District Collectorate Records like Dhaka Collectorate Records 1889—1960; Jessore Collectorate Records 1786—1868; Mymenshingh Collectorate Records 1880—1963; Faridpur Collectorate Records 1880—1947 and Bogra Collectorate Records 1846—1876.

## SYLHET PROCEEDINGS/FILES

There are records of the Sylhet District when it was a part of the Assam Province. These are generally known as *Sylhet Proceedings Records* and cover the period from 1874—1947. These are very valuable records and provide an insight into the life and society of Sylhet during the colonial period.

## OLD MAPS

Numbers of Old Maps of Bengal and the Sub-continent of the period from 1854—1967 have been collected by the National Archives from the office of the Dhaka Divisional Commissioner and various District Collectorate Records Rooms. A list of Maps is given below:

Maps of several old Thanas of Dhaka; Maps of several old Districts;

Pargunah Maps of various Districts;

Maps of several *Char* areas;

Maps of important Rivers;

Maps of Assam and Bengal;

Topographical Map of Assam and Bengal ,1923;

Maps of Bengal in the 19th century;

Survey Map of Pakistan,1950;

Political Map of East & West Pakistan;

Map of India ( River & Railways ) 1950;

Railway Map; Map of Dhaka Municipality.

## GOVERNMENT PUBLICATION( 1800—1972)

Important and rare Administrative Reports, Rules, Parliamentary Papers etc. called government publications form major items in the collection of the National Archives.

## GAZETTES

The National Archives of Bangladesh has collected *Calcutta Gazettes* and *Pakistan Gazettes* from 1833—1990. The *Bangladesh Gazettes* are also being regularly collected from the Controller of Printing and Stationary since, 1973.

## ESTATE RECORDS

Estate Records are another valuable collections of the National Archives. These are mainly old land records of two leading Zamindar families of East Bengal. These are :

- Bhawal Raj Estate Records (1884—1946); and
- Nawab Estate Records (1820—1947).

## EAST PAKISTAN & BANGLADESH PERIOD RECORDS.

Very few records have been acquired of the period of East Pakistan and Bangladesh from the Secretariat Record Room. These records cover the period from 1962—1975 and consist of a few files on—

*a* Establishment;
*b.* Commerce;
*c.* Finance;
*d.* Cabinet Secretariat ;
*e.* Political;
*f.* Land acquisition.

## BANGLADESH TAXATION APPEALATE DIVISION RECORDS

The National Archives of Bangladesh has recently collected about four thousands tax records from the Bangladesh Taxation Appellate Division.

## NEWSPAPERS

Some important newspapers and periodicals have been acquired from the Institute of Education & Research, University of Dhaka and Press Information Department and other sources. Very recently the National Archives has collected from the now defunct 'Dainik Bangla' newspaper office large numbers of old dailies and weeklies covering the periods from 1960s to 1990s. The holdings of newspapers in the National Archives cover the period from 1878—1998. The important amongst these are:

**Bangla Papers**

| | |
|---|---|
| 1. The Daily Azad | 1947—1987 |
| 2. The Daily Ajker Kagoj | 1992—1995 |
| 3. The Daily Al Amin | 1994—1995 |
| 4. The Daily Ittefaq | 1863—1997 |
| 5. The Daily Inqilab | 1986—1997 |
| 6. The Daily Kishan | 1982 |
| 7. The Daily Khabar | 1986—1990 |
| 8. The Daily Ganakontho | 1972—1982 |
| 9. The Daily Janakontho | 1994—1997 |
| 10. The Daily Janata | 1984—1998 |
| 11. The Daily Janapad | 1973—1975, 1984—79 |
| 12. The Daily Dinkal | 1994—1997 |
| 13. The Daily Desh | 1979—1989 |
| 14. The Daily Purbadesh | 1969—72, 1974—1975 |
| 15. The Daily Pakistan | 1964—1971 |
| 16. The Dainik Bangla | 1972—1997 |
| 17. The Daily Bangla Bazar | 1994—1995 |
| 18. The Daily Banglar Bani | July 1972, Aug. 1975, 1992—97 |
| 19. The Daily Bhorer Kagoj | 1992—1997 |
| 20. The Daily Jugantor | 1972—1975 |
| 21. The Daily Sangram | 1970—1997 |
| 22. The Daily Sanbad | 1969—1997 |

**English Papers**

| | |
|---|---|
| 23. The Pakistan Observer | 1961—1966, 1968—71 |
| 24. The Bangladesh Observer | 1972—1997 |
| 25. The Bangladesh Times | 1978—1997 |
| 26. The Daily News | 1984—1988 |
| 27. The Daily Star | 1991—1997 |
| 28. The Financial Express | 1994—1997 |
| 29. The Independent | 1995—1997 |
| 30. The Morning News | 1962—1974 |
| 31. The Morning Post | 1978—1979 |
| 32. The New Nation | 1981—1997 |

**Foreign Papers**

| | |
|---|---|
| 33. The Dawn | 1946—1971 |
| 34. The Statesman | 1946—1967 |
| 35. The Englishman | 1878—1933 |
| 36. The Ananda Bazar | 1972—1978 |
| 37. The Hindustan Standard | 1972—1974 |
| 38. The Amrita Bazar Patrika | 1972—1974 |
| 39. The Asia Week | 1977—1988 |
| 40. The Far Eastern Economic Review | 1976—1988 |
| 41. The Economist | 1976—1988 |

## PRESS CLIPPINGS

The National Archives of Bangladesh has also collected press clippings of important newspapers from the Press Information Department of the Government of Bangladesh. The clippings include important events and subjects of the period covering the years 1962—1997.

## MICROFILMS OF OLD RECORDS

The National Archives of Bangladesh has acquired 57 rolls of Microfilms of Bengali Newspaper reports for the period from 1874—1916 from the India Office Library, London with the financial assistance of the UNESCO. The assistance was given through the I.C.A.

A Microfilm copy of a Bengali manuscript was also received from the National Archives Lisbon, Portugal.

## PRIVATE COLLECTION

The National Archives of Bangladesh has acquired some papers and documents of late Khan Bahadur Nawab Ali Chowdhury, a Muslim leader and a former Minister of undivided Bengal.

## ARCHIVES LIBRARY

The National Archives has also a Library where many rare books are available. The total number of books are about five thousands and these are utilized by research scholars.

## RADIO MONITORING REPORTS

Daily Radio Monitoring Reports are being collected from the *Bangladesh Betar* and preserved since the year 1987.

## MEDICAL RECORDS

Numbers of medical records have been acquired from the Diabetic Hospital-BARDEM.

## OLD EDUCATIONAL INSTITUTION RECORDS

National Archives has acquired old records from Barisal Zilla School; St. Gregory High School and Pogose School of Dhaka; Hari Mohan Institution of Nawabgonj (Rajshahi) and Satiantola Multilateral High School and Gongaram Prasanna Kumar High School of Jessore.

## INTERNATIONAL CO-OPERATION

The National Archives of Bangladesh is a member of the International Council on Archives, an adjunct to UNESCO. The National Archives of Bangladesh is also a member of the South and West Asian Regional Branch of the International Council on Archives commonly known as SWARBICA.

## MAIN DIVISIONS OF THE ARCHIVES

The main divisions of the National Archives of Bangladesh are:—

- Archives Administration;
- Records Management;
- Preservation & Conservation;
- Microfilming/Reprography;
- Repositories;
- Public Relations;
- Exhibitions;
- General Administration.

## USING THE RECORDS

- The Research/Search Room contains finding aids, summary list, Index and catalogues to all records .
- **Research and Reference Services** : The National Archives of Bangladesh extends research and reference facilities to researchers from within the country and abroad. The research scholars are given all the facilities of research and reference on the materials available in the National Archives.

## ACCESS TO THE RECORDS

- Public records deposited in the National Archives are open to the scholars and public in general for research purpose.
- Secret or national security records are not given to the scholars or public without permission from the producers.
- Individuals are required to submit applications for permission to consult the records and books in the National Archives.

## OPENING HOURS

9 A.M. TO 4 P.M.
FROM SATURDAY TO WEDNESDAY.
THURSDAY 9 A.M. TO 2 P.M.
GOVERNMENT HOLIDAY & FRIDAY CLOSED.

FOR FURTHER ENQUIRIES—
DIRECTOR,
DIRECTORATE OF ARCHIVES AND LIBRARIES
AGARGAON, SHER-E-BANGLA NAGAR
DHAKA-1207, BANGLADESH.
TEL: 9118704, 9129992, 328225, 9112733.
FAX: 880-2-9118704.

# বাংলাদেশ জাতীয় আরকাইভস-এর কর্মকাণ্ড এবং আরকাইভস-এ সংরক্ষিত কয়েকটি দুষ্প্রাপ্য নথিপত্রের আলোকচিত্র—

# Photographs on the activities of the National Archives of Bangladesh and of some rare documents preserved in the Archives.



আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক প্রফেসর ড. শরীফ উদ্দিন আহমেদ-এর নিকট নথিপত্র হস্তান্তর করছেন ময়মনসিংহ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**Additional Deputy Commissioner (Revenue) of Mymensing handing over the archival documents to the Director, Directorate of Archives and Libraries, Professor Dr. Sharif Uddin Ahmed.**




বগুড়া জেলা কালেক্টরেট রেকর্ডরুম। সংগ্রহের উদ্দেশ্যে আরকাইভস অধিদপ্তরের একটি টিম নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করছেন।

**A team from the National Archives inspecting and apprising records at Bogra District Collectorate Record Room.**




নথিপত্র সংগ্রহের উদ্দেশ্যে চট্টগ্রাম জেলা কালেক্টরেট রেকর্ডরুমে নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করছেন প্রফেসর ড. শরীফ উদ্দিন আহমেদ।

**Professor Dr. Sharif Uddin Ahmed inspecting and apprising the records at Chittagong District Collectorate Record Room.**




আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালকের নিকট নথিপত্র হস্তান্তর করছেন ফরিদপুর জেলা প্রশাসক জনাব আবদুল আউয়াল মজুমদার।

**Deputy Commissioner of Faridpur District Mr. Abdul Awal Majumdar handing over old records to the Director, Directorate of Archives & Libraries, Professor Dr. Sharif Uddin Ahmed.**



অষ্টাদশ শতাব্দীতে তালপাতার উপর লিখিত হস্তলিপি।

**Palm Leaf Manuscript, 18th Century.**




পলাশী যুদ্ধের ম্যাপ, ২৩ জুন ১৭৫৭।

**Map of the Battle of Plassey, 23rd June 1757.**

# No. I.

## Treaty and Agreement with Serajah Dowla, 1757.

*Signed seven times.*

**Monsoor-ul-Mulck Serajah Dowla Shah Kuly Khan Behauder, Hybut Jung, servant of King Aalum Geer, the Invincible.**

### LIST OF DEMANDS.

#### Article 1.

*Agreed to according to the tenor of the Firmaund.*

That the Company be not molested upon account of such privileges as have been granted them by the King's Firmaund and Husbulhookums, and the Firmaund and Husbulhookums in full force.

*Agreed to according to the tenor of the Firmaund.*

That the villages which were given to the Company by the Firmaund, but detained from them by the Soubah, be likewise allowed them, nor let any impediment or restriction be put upon the Zemindars.

#### Article 2.

*It is agreed to.*

That all goods belonging to the English Company, and having their Dustuck, do pass freely by land or water, in Bengal, Behar, and Orissa, without paying any duties or fees of any kind whatsoever; and that the Zemindars, Chokeydars, Guzerbauns, etc., offer them no kind of molestation upon this account.

#### Article 3.

*Whatever has been seized by the Government, it is agreed shall be restored.*

That restitution be made the Company of their factories and settlements at Calcutta, Cossimbazar, Dacca, etc., which have been taken from them.

That all money and effects taken from the English Company, their factors, and dependents, at the several settlements and aurungs, be restored in the same condition. That an equivalent in money be given for such goods as are damaged, plundered, or lost, which shall be left to the Naboh's justice to determine.

১৭৫৭ সালে নবাব সিরাজ-উদ-দৌলার সাথে ইস্ট ইন্ডিয়া কোম্পানির সন্ধিপত্র।

Treaty and Agreement of Nawab Sirajuddawla with the East India Company, 1757.

To

The Collector

of

Dhaka.

Sir,

I have the honor to annex, for your information, the following Extracts received with a letter from the Accountant General dated 17th Ult.; and in order to give due effect to the instructions therein contained, I request that you will transmit to this Office, a Quarterly Report in the form prescribed by the Accountant General, as soon after the expiration of each Quarter, as may be practicable; commencing with the 2nd Quarter of the Current Official year.

Circular

Extract of a Letter from the Hon'ble the Court of Directors, dated 4th February 1824.

Do. of a Do. from the Accountant General to the Secrety. to Government in the Territorial Department, dated 8th July 1824


Do. of a Do. from the Secretary to Government to the Accountant General, dated 23d. July 1824.

I have the honor to be,
Sir,
Your Most Obedt. Servant,
W. Oakes
A. R. D

Fort William,
Accot. Genl's Office;
the 7th September 1824

১৮২৪ সালে ইংরেজিতে ঢাকা বানান ***Dhaka***

**English Spelling of *Dhaka* in 1824.**



ডিপুটী কালেক্টরের বিচার ও হুকুম

যেহেতুক এই মোকদ্দমার বিবাদি ভুমি তাম্বক রাম চন্দ্র সখী সামিল
জেবোস্তাবার চিঠা ভুক্ত হইয়াছে তৎপ্রতি বাদিগন তাম্বক বাবাকিসের
মোধ ৩০৮নী মহান কবারে আপত্য কারি হওয়ায় তাহ্নিগের আপত্য
শ্রীযুত কালেক্টর সাহেবের বিচারে নামঞ্জুর হইয়া আপিল আদালতে
ঐ হুকুম বহাল থাকিয়া বিবাদি ভুমি তাম্বক রাম চন্দ্র সখী সামিলে
বাস্তাবার আদেশ হইয়াছে তাহাতে সরে জমি তদারক কালে প্রতিবাদি
গনের দখলের কিছু কম বেস প্রকাশ পাইলেও কালেক্টর সাহেবের
উপর উপরউক্ত হুকুম অত্র থাক বস্তার সরাসরি বিচারে অন্যথা
হইবার নহে অতএব এবিষয়ে অপর তদন্ত অনাবশ্যক বিবেচনা হইয়া
শ্রীযুত কালেক্টর সাহেবের নিষ্পত্তি ফয়সলা দৃষ্টে

হুকুম হইল যে

মোকদ্দমা ডিসমিস হয় বিবাদি ভুমি প্রতিবাদি গনের তাম্বক
রাম চন্দ্র সখীর সামিল হইয়া নকসাদি কাগজাত খরচ হয় ও প্রতিবাদির
ব্যয় আদালতের তারিখ তক মায় সুদ বাদির নিকট হইতে পাবিশোধ
হয় ইতি সন ১২৬৫ সাল ৩০ শে আশ্বিন

নিম্ন ...

মোহর

Sd/ S. K. Roy
D.C.

আদালতের হুকুমনামা (হাতে লেখা), ১৮৫৮।

**Court's Order (Hand Written), 1858.**

# জরুরী বিজ্ঞপ্তি

১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারী তারিখে ঢাকায় পুলিশের গুলীবর্ষণ সম্পর্কে জনসাধারণ, বিশ্ববিদ্যালয়ের সদস্যগণ, ছাত্রদল বা ছাত্রপ্রতিষ্ঠান, প্রাদেশিক সরকার এবং সংশ্লিষ্ট অন্য যে কোনও পার্টির নিকট হইতে লিখিত ( টাইপ করা হইলে ভাল হয় ) তথ্য আহ্বান করা যাইতেছে। বিবৃতির সমর্থনে যেসব সাক্ষীর উল্লেখ করা হইবে, বিবৃতির সঙ্গে তাহাদের পূরা নাম ও ঠিকানা দিতে হইবে। বিবৃতিগুলি মাননীয় বিচারপতি মিঃ এলিসের নামে হাইকোর্ট, ঢাকা, ঠিকানায় পাঠাইতে হইবে এবং তাহা ১৯৫২ সালের ৩১শে মার্চ বা তৎপূর্ব্বে তাঁহার নিকট পৌঁছাইতে হইবে।

স্বাঃ—টি, এইচ, এলিস
জজ, হাইকোর্ট, ঢাকা
১০শে মার্চ, ১৯৫২

১৯৫২ সালের ভাষা আন্দোলনের তথ্য সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।
Emergency Notice about information of Language Movement, 1952.

# ভারতরক্ষী ফৌজ

## ৪র্থ কলিকাতা পদাতিকদল

৯০০ নয় শত
লোক আবশ্যক

শীঘ্র ভর্ত্তি হউন

## ভারতরক্ষী ফৌজ নাগরিকদিগের সেনাদল

দেশরক্ষা ও আভ্যন্তরীন শান্তিরক্ষার কার্য্যে ইহাকে একটী নির্দ্দিষ্ট স্থান দেওয়া হইবে।

**বয়স।** ১৮ হইতে ৩০ বৎসর বয়স্ক যে কোন উপযোগী ব্যক্তি এই ফৌজে - প্রবেশ করিতে পারে।

**শিক্ষা।** ভর্ত্তি হইবার পর সকলকে তাঁবু বা বারাকে থাকিয়া ক্রমান্বয়ে ৯০ দিন শিক্ষা লইতে হইবে। এই প্রাথমিক শিক্ষার কাল শেষ হইবার পর, **ভারতরক্ষী ফৌজের** ইউরোপীয় পক্ষের জন্য যে সকল নিয়ম আছে সেই সকল নিয়মের অনুরূপ নিয়মের অধীনে, আরও শিক্ষা লইবার জন্য ইহাদিগকে সময় সময় ডাকা হইবে।

**বেতন।** শিক্ষার কালের মধ্যে সৈনিকগণ নিয়মিত ভারতীয় সেনাদলে সৈনিকরা যেরূপ বেতন পায় সেইরূপ বেতন পাইবে, অর্থাৎ - **মাসিক ১১ টাকা ও বিনাখরচায় খাওয়া।**

অপরাপর তথ্য ও ভর্ত্তি হইবার ফারমের জন্য - জেলার ম্যাজিষ্ট্রেটকে বা কলিকাতার পুলিস কমিশনারকে দরখাস্ত করিতে হইবে।

১৯১৮ সালে ভারতরক্ষী ফৌজ-এ লোক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

**Advertisement for Recruitment of BHARAT RAKKHI FOUJ in 1918.**



জাতীয় আরকাইভস-এ সংরক্ষিত দলিল পত্রের আংশিক চিত্র।

**Partial view of Records now preserved in the National Archives.**




অধিদপ্তরের মিলনায়তনে অনুষ্ঠিত সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ।

**A Section of Participants at a Seminar in the Auditorium of the Directorate.**




জাতীয় আরকাইভস-এর নিজস্ব ভবন নির্মাণ কাজ।

Construction of Bangladesh National Archives Bhaban in Progress.




আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অবস্থান নির্দেশিকা




Location of National Archives of Bangladesh